

ঢাকা বিশ্ববিদ্যালয়

২৭ অক্টোবর দুই অনুষদের
নির্বাচন ॥ সাদা ও

নীল দলের প্রতিদ্বন্দ্বিতা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ আগামী ২৭ অক্টোবর ঢাকা বিশ্ববিদ্যালয়ের দু'টি অনুষদের দিন নির্বাচন অনুষ্ঠিত হবে। জীববিজ্ঞান ও বিজ্ঞানস্টাডিজ অনুষদের শূন্য এই দু'টি দিন পদের নির্বাচনে বিএনপি ও জামায়াত সমর্থিত সাদা দল ও আওয়ামী লীগ সমর্থিত নীল দলের শিক্ষকরা প্রতিদ্বন্দ্বিতা করবেন। উভয় দলই তাদের প্রার্থিতা চূড়ান্ত করে লবিং-এপিং শুরু করেছে। বামপন্থী গোলাপী দলের শিক্ষকরা এখনও নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার ব্যাপারে সিদ্ধান্ত নেননি। নীল দলের শিক্ষকরা শনিবার দলীয় এক বৈঠকে তাদের প্রার্থী চূড়ান্ত করেছেন। নীল দলের প্রার্থী দুই শিক্ষক হলেন উদ্ভিদবিজ্ঞান বিভাগের অধ্যাপক এজেডএম নওশের আলী (জীববিজ্ঞান অনুষদ) ও ফিন্যান্স এ্যান্ড ব্যাংকিং বিভাগের অধ্যাপক এসএম মাহফুজুর রহমান। সাদা দলের প্রার্থী হলেন জীববিজ্ঞান অনুষদের অধ্যাপক সালেহীন কাদরী এবং বিজ্ঞানস্টাডিজ অনুষদের ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক মোঃ সিরাজুল ইসলাম। বুধবার প্রার্থীদের মনোনয়নপত্র জমা দিতে হবে। তাই এই সময়ের মধ্যে উভয় দলের প্রার্থী পরিমর্জনও হতে পারে। তবে উভয় দলের শিক্ষকরাই উল্লিখিত প্রার্থীদের হয়ে প্রচারে নেমেছেন। বিরোধী দলে থেকে দলীয় অবস্থান শক্ত রাখার জন্য আওয়ামী লীগ সমর্থিত নীল দলের শিক্ষকরা এই নির্বাচনে জয়লাভের জন্য চ্যালেঞ্জ হিসাবে মাঠে নেমেছেন। সাদা দলের শিক্ষকরাও পিছিয়ে নেই। তারাও জয়লাভের জন্য নানা কৌশল অবলম্বন করে প্রচারনা চালাচ্ছেন। প্রসঙ্গত জীববিজ্ঞান অনুষদের নির্বাচিত ডিন অধ্যাপক আবুল বাশার উনুজ বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য এবং বিজ্ঞানস্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক সৈয়দ আবুল কালাম আজাদ জাতীয় বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ হিসাবে দায়িত্ব নেয়ার পর এই দু'টি পদ শূন্য হয়ে পড়ে। পরে দুই শিক্ষক ভারপ্রাপ্ত হিসাবে এই দু'টি পদে দায়িত্ব পালন করেন। কিন্তু ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৭৩ সালের অধ্যাদেশ অনুযায়ী নির্বাচিত শিক্ষক ডিন হিসাবে দায়িত্ব পালন করে থাকেন।

কলা অনুষদের ডিন পুরস্কারপ্রাপ্তদের
নাম ঘোষণা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদে কৃতিত্বপূর্ণ প্রকাশনার জন্য তিন শিক্ষক এবং অনার্সের ফাউন্ডেশন কোর্সের (বাংলা ইংরেজী) সর্বোচ্চ নম্বরধারী দুই ছাত্রীকে 'ডিন পুরস্কারের' জন্য মনোনীত করা হয়েছে। মনোনীত তিন শিক্ষক হলেন বাংলা বিভাগের অধ্যাপক সৈয়দ মোহাম্মদ শাহেদ, দর্শন বিভাগের ড. নাসিমা হক এবং সংস্কৃত ও পালি বিভাগের সুমন কান্তি বড়ুয়া। দুই ছাত্রী হলেন ইংরেজী বিভাগের তাহমিনা জামান এবং মৌসুমী আখতার ফেরা।